**14-08-2023** প্রাতঃ মুরলি ওম্ শান্তি "বাপদাদা" মধুবন

"মিষ্টি বাচ্চারা - কর্ম, অকর্ম, বিকর্মের গতিকে মাথায় রেখে এই কর্মেন্দ্রিয়গুলির দ্বারা কোনো পাপ কর্ম করবে না, দান করে দিলে গ্রহণ(দশা) কেটে যাবে"

*প্রশ্নঃ - কোন্ বিষয়ে ব্রহ্মাবাবাকে ফলো করা বাচ্চারা ভবিষ্যতে সিংহাসনে আসীন হয়?

*উত্তরঃ - যেমন ব্রহ্মাবাবা দেহ-সহ সম্পূর্ণ বলিপ্রদত্ত হয়েছেন, নিজের সবকিছু ঈশ্বরের উদ্দেশ্যে বাচ্চাদের সেবায় দান করে ডায়রেক্ট ইনসিওর করেছেন সেইজন্য বিশ্বের রাজত্ব পেয়েছেন, তেমনভাবেই ফলো ফাদার। সুপুত্র হওয়ার সার্টিফিকেট নিতে হবে। প্রকৃত সন্তান হয়ে তন-মন-ধন দ্বারা সেবা করতে হবে। সম্পূর্ণরূপে বাবার সহযোগী হতে হবে। সবকিছু ইনসিওর করে ২১ জন্মের রাজত্বের দাবীদার হতে পারো।

*গীতঃ- শৈশবের দিন ভুলে যেও না....

ওম্ শান্তি । মিষ্টি মিষ্টি বাচ্চারা গান শুনেছে। এখন বাচ্চারা জীবিত থেকেও এই দুনিয়ার কাছে মৃত-সম হয়ে ওই দুনিয়ায় যাওয়ার জন্য বাবার কোলে শরণ নিয়েছে। কোন্ বাবা? পরমপিতা পরম আত্মা অর্থাৎ পরমাত্মা। সর্বদা যখন বোঝাতে থাকো তখন এরকম বোলো না যে বাবা হলেন জ্যোতির্লিঙ্গম্, অনন্ত জ্যোতিস্বরূপ, হাজার সূর্যের থেকেও তেজোময়, এ বলা বাস্তবে ভুল। তোমরা কি বলবে? পরমপিতা পরমাত্মা অর্থাৎ পরম আত্মা, তিনি সর্বদাই পরমধামে থাকেন পরম অর্থাৎ উচ্চ থেকেও উচ্চ ইনকরপোরিয়াল (নিরাকারী) ফাদার। তিনি হলেন সকল আত্মাদের পিতা সেইজন্য ওঁনাকে সুপ্রীম বলা হয়ে থাকে। তিনি জন্ম-মৃত্যুর চক্রে আসেন না। তিনি বুঝিয়ে থাকেন - বাচ্চারা, আমিও যদি জন্ম-মৃত্যুর চক্রে আসি তাহলে সকলের উদ্ধার কে করবে? আমিই এসে সকলকে দুঃখের থেকে পার করে নিয়ে যাই। দুঃখহরণকারী আর সুখপ্রদানকারী হলাম আমিই কিন্তু জানেই না। ভক্তিমার্গে গায়ন করে থাকে -- ও পরমপিতা পরমাত্মা! অবশ্যই মনে করে তিনি হলেন ফাদার। কিন্তু আমাদের বাবা কেমন ? তিনি কি জিনিস -- তা জানে না। মানুষের মতন রূপ তো হয় না। ব্রহ্মা, বিষ্ণু, শঙ্করকেও স্মরণ করে থাকে। তাদের তো এই চোখে দেখতে পাওয়া যায়। এছাড়া তিনি (শিব) কে ! শিবের মন্দিরে যায়, কিন্তু ওঁনাকে কেন স্মরণ করে, তা জানে না।

বাবা বসে থেকে বোঝান দেবী-দেবতারা যখন বামমার্গে চলে আসে তখন সোমনাথের মন্দির নির্মাণ করে। কেবল এতটুকু বোঝে যে শিববাবা আছেন, কিন্তু এটা জানে না যে তিনি হলেন স্বর্গের রচয়িতা। আমাদের স্বর্গের মালিক বানিয়ে দেবেন। যদি জানতো তাহলে অন্যদেরকেও শিববাবার বায়োগ্রাফি বলে দিত। ড্রামায় না জানাই নির্ধারিত রয়েছে। জানা অর্থাৎ উত্তরাধিকার পাওয়া। না জানা অর্থাৎ উত্তরাধিকার হারিয়ে ফেলা। বাবা বলেন -- আমি হলাম স্বর্গের রচয়িতা আমাদের সুখ প্রদান করি, পবিত্র করে দেই। তারপর ৫ বিকার তোমাদের অপবিত্র করে দেয়। কলা কম হতে থাকে। তোমরা কালো হয়ে যাও। প্রথমে তোমরা ১৬ কলাসম্পন্ন চন্দ্রমা ছিলে, পবিত্র ছিলে, এখন তোমাদের গ্রহণ লেগে গেছে। বাবা বলেন - দান করলে গ্রহণ(দশা) কেটে যাবে। পাঁচ বিকারকেই গ্রহণ বলা হয়ে থাকে। যারজন্য তোমরা আত্মারা দুঃখী, কালো হয়ে যাও। বাবা বলেন -- আমি হলাম তোমাদের অর্থাৎ ব্রাহ্মণেদের পিতা। হে ব্রাহ্মণেরা, তোমাদের কাছে এই যে ৫ বিকার রয়েছে তা আমায় দান করে দাও তবেই গ্রহণ মুক্ত হবে। আজ থেকে দান করে পুনরায় কখনো ওইগুলি দিয়ে কিছু করবে না। মায়ার তুফান তো অনেক আসবে। কিন্তু কর্মেন্দ্রিয়ের দ্বারা ক্রোধ ইত্যাদি করলে পাপ হয়ে যাবে। কর্ম-অকর্ম-বিকর্মের গতিও তোমাদের বুঝিয়ে থাকি। তোমাদের কর্ম বিকর্ম হয়ে যাওয়া উচিৎ নয়। বাচ্চারা, আমি তোমাদের বিকর্মাজিৎ করে দিই। এ হলো রাহুর গ্রহণ। দান করে দিলে গ্রহণ কেটে যাবে। বাবা বলেন -- আমার মিষ্টি বাচ্চারা, এই ৫ ভূতকে দান করে দাও, এতে পয়সা ইত্যাদির কোনো কথা নেই। ইনি হলেন বাবা, তোমরা হলে আপন সন্তান। বাবার তো আপন সন্তানদের সহায়তা করতেই হবে। তোমরাও তন-মন-ধন দ্বারা সেবা করো। বাবারও দায়িত্ব রয়েছে তোমাদের সেবা করার। বাবা বলেন -- বাচ্চারা, এই সবকিছু হলো তোমাদের। ভক্তিমার্গে তোমরা ভগবানকে দিয়ে এসেছো। কিন্তু ঈশ্বর কি কোনো ক্ষুধার্ত কেউ ! না তা নয়। এ তো তোমরা ইনসিওর করে দাও। ঈশ্বরকে দিলে ঈশ্বর পুনরায় পরজন্মে তোমাদের দেবেন। এ তো ইনসিওর করাই হলো, তাই না! পরজন্মে এর ফল প্রাপ্ত হয়। ঈশ্বর হলেন দাতা। এখন তোমরা নিজেদের ইনসিওর করো -- ২১ জন্মের জন্য। ওরা ইনসিওর করে এক জন্মের জন্য। এখানে তো সবকিছু ইনসিওর হয়ে যায় -- ২১ জন্মের জন্য। বলা হয়ে থাকে, সন শো'জ ফাদার। দেখো ফাদারের (ব্রহ্মা বাবা) কাছে যা কিছু ছিল সব ঈশ্বরের উদ্দেশ্যে বাচ্চাদের সেবায় দিয়ে দিয়েছেন, শিববাবাকে উত্তরাধিকারী বানিয়ে দিয়েছেন,

তন-মন-ধন সবকিছু দিয়ে দিয়েছেন তাই তার বদলে আবার নিজের পুরুষার্থের দ্বারা বিশ্বের বাদশাহী প্রাপ্ত হয়, কারণ এ তো ডাইরেক্ট, তাই না ! তোমরা আমার হয়ে গেলে ২১ জন্মের জন্য স্বর্গের মালিক হয়ে যাও কিন্তু যত বলিপ্রদত্ত হবে ততই উত্তরাধিকার প্রাপ্ত করবে। দেহ-সহ সবকিছু বলি(সমর্পণ) দিয়ে দিতে হবে। যারা মাদার-ফাদারকে ফলো করবে, তারাই সিংহাসনেও বসবে। তাই বাবা বলেন, দান করে দিলে তবেই গ্রহণ মুক্ত হবে। দান করে দিয়ে তারপর আবার যদি ফিরিয়ে নিয়ে নাও তখন তাহলে দুর্গতিপ্রাপ্ত হবে। সম্পূর্ণরূপে পুরুষার্থ করতে হবে। পুরুষার্থী স্টুডেন্ট ভালোভাবে পড়ে তাই নাম্বারও প্রাপ্ত করে থাকো। তোমরাও পুরুষার্থ করে উচ্চ (ভালো) নম্বর নাও। এতে কোনো কষ্টের কথা নেই। কেবল পবিত্র থাকতে হবে। এরজন্য বাবার থেকে শক্তিও প্রাপ্ত হয়। খুশির পারদও চড়ে থাকে।

আমাদের দেবতা হতে হবে তাই কোনো অবগুণ থাকা উচিত নয়। ১৬ কলা সম্পূর্ণ, সম্পূর্ণ নির্বিকারী এখানেই হতে হবে সেইজন্য কোনো অবগুণ থাকা উচিত নয়। অর্ধেক কল্পে বিকারী হয়েছো তাই মায়াও বলে এখন এরা নির্বিকারী হয়, আমি পুনরায় বিকারী করে দিই। এভাবে চলে মায়ার যুদ্ধ। এ হলো মুশকিলের। মায়ার উপর বিজয়প্রাপ্ত করতে হবে। ওরা আবার হিংসক লড়াই দেখিয়ে খন্ডন করে দিয়েছে। তোমরা মায়ার উপর বিজয়প্রাপ্ত করার ফলে বিশ্বের মালিক হয়ে যাও। বাচ্চারা বোঝে বাবাকে ৫ বিকার দান করে না দিলে তখন শ্রী নারায়ণ বা লক্ষ্মীকে বরণ করতে পারবে না। বাচ্চারা, তোমাদের হৃদয়-দর্পণে দেখা উচিত -- আমি কর্মেন্দ্রিয়ের দ্বারা কিছু করিনি তো ? মায়ার তুফান তো সামনে অধিকমাত্রায় আসতে থাকবে। বৈদ্যরা ওষুধ দেওয়ার সময় বলে যে প্রথমটা পুরানো রোগকে বের করে আনবে। এতে ভয় পাওয়ার কিছু নেই। এ তো আসবেই। ইনিও হলেন সার্জন। ইনি বলেন যে তোমরা আমার বাচ্চা হয়ে গেলে তখন আবার রাবণের সঙ্গে তোমাদের ভীষণ যুদ্ধ হবে। মায়া খুবই আঘাত করতে থাকবে সেইজন্য তুফানকে ভয় পেওনা। বাবার হয়ে গেছো তো এই শৈশবকে ভুলে যেওনা। এ হলো ঈশ্বরীয় শৈশব। ঈশ্বরের কোলে একবার এসে তারপর দৈবী কোলে ২১ বার যাবে। ঈশ্বরীয় জন্মের পর তোমরা স্বর্গে চলে যাও। সার্টিফিকেট নিতে হবে। বাবা, আমরা তোমার সুপুত্র নাকি কুপুত্র ? তখন বাবা বলতে পারেন, সুপুত্রও কত নম্বরে রয়েছো ? কি খামতি রয়েছে? বাবা বলতে পারবেন। নিজেও বুঝতে পারে যে আমরা সার্ভিস করি না তাহলে এত উচ্চপদ কিভাবে পাবো ? আচ্ছা, বাবা বলেন তোমরা কি করবে, একটি হসপিটাল বা কলেজ খুলে দাও। অবশ্যই তোমরা সেখানে যেওনা, আরো অনেক মানুষ আরোগ্য লাভ করবে তখন তার প্রতিদান তোমরা পাবে। মানুষ ধর্মশালা নির্মাণ করে, এইজন্য যে অনেকেই এসে বিশ্রাম পাবে তখন পরজন্মে তারা ভালো মহল পাবে। বাবার কাছে অনেকেই আসে, বলে এমন হসপিটাল খোলো, আমি সাহায্য করবো। বড় হসপিটাল খোলো। নিজের যদি জ্ঞান গ্রহণের অবসর না থাকে, আচ্ছা তাহলে তিন পায়ের তুল্য জমি নিয়ে এই হসপিটাল কাম কলেজ খুলে দাও। হসপিটালের জন্য এভার-হেল্দী হয়ে যাবে। কলেজের জন্য এভার-ওয়েল্দী হয়ে যায়। অনেকেই এসে তৈরী হলে তোমাদের পুণ্য হবে। বেশী খরচও নেই। আজকাল কত পয়সা উপার্জন করে, কোটি-কোটি টাকার সম্পদ রয়েছে। তাদের পৌত্র-পৌত্রী খাবে কি ? তারা ধুলোও পাবে না, সব বিনাশ হয়ে যাবে। রাজত্ব দরিদ্ররা পায়। তিনি হলেন দীনদয়াল, তাই না ! এই বাবা নম্বার ওয়ান সাধারণ ছিলেন। কারোর এক দুই হাজার থাকলে তাকে গরীব বলা হবে। এখানে গরীবও ভালো পদ পেতে পারে। কারোর লক্ষ-কোটি নিয়ে কি করবে? গরীবের এক এক পয়সার দ্বারাই স্থাপনা করা হয়ে থাকে। গান্ধীকে কত দান দিত। তাতে কত মারা গেছে, কত কষ্ট সহ্য করেছে ! তোমাদের তো কোনো কষ্ট নেই। বাবা বলেন -- তোমরা প্রথমে রাজযোগ শেখো তাহলেই তোমাদের রাজত্ব দেবো। এই রাজ্য তো মৃগতৃষ্ণা সমান। কাহিনী রয়েছে, তাই না ! দ্রৌপদী দুর্যোধনকে নিমন্ত্রণ করেছিল। সে এলে জলাশয় মনে করে নামার জন্য বস্ত্র খুলতে গেলে তখন দ্রৌপদী বলে -- অন্ধের সন্তান অন্ধ, এ হলো মৃগতৃষ্ণা। সকলে মনে করে আমরা স্বরাজ্য পেয়ে গেছি, কিন্তু কত দুঃখ রয়েছে। প্রজারা কত দুঃখী, বিনাশ সামনে দাঁড়িয়ে রয়েছে। বাবা বলেন -- এরা সব মরে পড়ে রয়েছে। এ হলো কবরখানা, তোমাদের পুনরায় পরিস্তান বানাতে হবে। হীরে-মুক্তোর মহল নির্মাণ করবে। এখানে তো এ হলো প্রস্তরপুরী, ওখানে হবে সোনার। সেইজন্য বাবা বোঝান -- দান করলে গ্রহণ মুক্ত হবে, তারপর ১৬ কলা সম্পূর্ণ হয়ে যাবে। এখন তোমরা হলে পতিত, মানুষ কত দুঃখী হয়ে গেছে। লড়াই লাগলে ঘুম উড়ে যায়। আরাম লাগে না, ঘুমের বড়ি (ওষুধ) খেয়ে ঘুমায়। এ হলোই রাবণ-রাজ্য। এখন দশেরায় (দশমীর দিন) রাবণকে জ্বালাবে, তা শেষপর্যন্ত জ্বালাতে থাকবে, যতক্ষণ না পর্যন্ত বিনাশ হচ্ছে। বিনাশের পরে আর রাবণ প্রজ্বলন হবে না। দ্বাপরের পর পুনরায় রাবণকে বের করে জ্বালানোর জন্য। প্রতি বছর রাবণকে জ্বালানো হয়, কিন্তু জ্বলেই না। প্রতিবছর তোমরা রাখীবন্ধন পালন করো, রাখী বন্ধন করে পুনরায় অপবিত্র হয়ে যাও।

লক্ষ্মী-নারায়ণের কাছে তো কত অগাধ ধনসম্পদ ছিল ! তাদের কত পূজা হয়। পূজা কি কেবল লক্ষ্মীর থোড়াই হয়, চতুর্ভূজের করা হয়ে থাকে। তাতে দুজনেই চলে আসে। লক্ষ্মীর সাথে নারায়ণ তো অবশ্যই চাই। সেইজন্য দুজনকেই পূজা করে। যুগল ব্যতীত কার্য কিভাবে চলবে ? এ হলো প্রবৃত্তিমার্গ , তাই না ! তোমরা বিশ্বের মালিক হয়ে যাও। বাচ্চারা

